

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর: ১৫.৫২.০০০০.০০১.১৮.০০১.৩৪৫২

তারিখ : ১৭.০৫.২০২০

প্রতি  
সম্পাদক  
দৈনিক ইনকিলাব

বিষয় : প্রকাশিত সংবাদের প্রতিবাদ

“স্বাস্থ্যসেবা দুর্বল হওয়ায় বেশি প্রাণহানি হচ্ছে: বাংলাদেশ সম্পর্কে অ্যামেনেস্টি ইন্টারন্যাশনালের প্রতিবেদন” শীর্ষক সংবাদের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ হয়েছে। সরকার অ্যামেনেস্টি ইন্টারন্যাশনালের প্রতিবেদনকে ভিত্তি করে প্রকাশিত সংবাদটির তীব্র প্রতিবাদ করছে।

প্রকাশিত সংবাদটি একপেশে এবং বস্তুনিষ্ঠ নয়। করোনায় মৃত্যু রোধে সরকারের পদক্ষেপগুলোকে অহেতুক প্রশংসিত করা এবং প্রশংসার বদলে সমালোচনা জন্য উদ্দেশ্যমূলকভাবে প্রতিবেদন তথা সংবাদটি প্রকাশ করা হয়েছে।

সরকারের যথোপযুক্ত ব্যবস্থাতেই বাংলাদেশ করোনায় মৃত্যুহার বিশ্বের অনেক দেশের চেয়ে কম রয়েছে। তথ্য উপাত্ত বলে দেয় বাংলাদেশ করোনায় মৃত্যুহার প্রতিবেশি দেশ এমনকি ইউরোপের দেশগুলো ও আমেরিকার থেকে কম। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে মানুষের জীবন বাঁচাতে সরকারের যথোপযুক্ত ব্যবস্থা এর কারণ।

ওয়ার্ল্ডমিটারের তথ্য অনুযায়ী বাংলাদেশে করোনা আক্রান্ত রোগীদের ১.৪৮ শতাংশ মৃত্যুবরণ করেছে যা ভারতে ৩.২ এবং পাকিস্তানে ২.১৪ শতাংশ। অন্যদিকে মার্কিন যুক্তরাষ্ট্রে এ মৃত্যুহার শতকরা ৫.৯৬ শতাংশ, যুক্তরাজ্যে ১৪.৩৬ শতাংশ, স্পেনে ১০ শতাংশ এবং ইটালিতে ১৪.১১ শতাংশ। এ পরিসংখ্যান বলে দেয় সরকারের সমন্বিত পদক্ষেপে দেশে করোনায় মৃত্যু অনেক দেশের চেয়ে কম হয়েছে।

সরকার করোনা আক্রান্ত রোগীদের চিকিৎসায় নিরলস কাজ করে যাচ্ছে। দেশে করোনা পরীক্ষার জন্য পিসিআর ল্যাব ক্রমান্বয়ে ৪২টিতে উন্নীত করা হয়েছে। বর্তমানে ১৪টি সরকারি ও বেসরকারি হাসপাতালে করোনা আক্রান্ত রোগীদের চিকিৎসা হচ্ছে। ভবিষ্যতে এ চিকিৎসা সম্প্রসারণের জন্য সরকার সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করেছে।

করোনা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ত্রাণ সহায়তা প্রদান করছে সরকার। দেশের এক তৃতীয়াংশের বেশি মানুষ ত্রাণ কার্যক্রমের আওতায় এসেছে। এছাড়া সরকার করোনা সংক্রমণের কারণে ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠতে এক লাখ এক হাজার ১১৭ কোটি টাকার ১৮টি প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছে।

করোনা পরিস্থিতি মোকবিলায় বাংলাদেশ সরকার গৃহীত পদক্ষেপ ওয়ার্ল্ড ইকনোমিক ফোরামসহ আন্তর্জাতিক ম্যাগাজিন ফোর্বস এবং দি ইকনোমিস্ট এ প্রশংসিত হয়েছে।

প্রেক্ষিতে, মনগড়া এ ধরনের প্রতিবেদন প্রকাশ এবং এ জাতীয় প্রতিবেদনকে ভিত্তি করে সংবাদ প্রকাশ না করার জন্য সরকার সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানাচ্ছে।



সুরথ কুমার সরকার  
প্রধান তথ্য অফিসার

ফোন : ৯৫৪৬০৯১

মোবাইল : ০১৭১১-১৫০০৯২